

‘এবং মহায়া’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ(UGC-CARE list-I 2021)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ১৬পৃ.তালিকার(৩১৯টির মধ্যে) ৩ পৃ.৬০নং উল্লেখিত।

# এবং মহায়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩৮ সংখ্যা

সেপ্টেম্বর, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

৩৫. মহাশ্বেতা দেবীর 'বেহলা': পুরাণ থেকে লোকায়ত	
:: স্বাতী নাথ.....	২৫৫
৩৬. রাজেন্দ্রলাল মিত্রের ভৌগোলিক চিন্তনবিমর্শ	
:: তন্ময় অধিকারী.....	২৫৯
৩৭. উপনিবেশিক আমলে মুর্শিদাবাদ জেলায় কারিগরি শিক্ষার	
অগ্রগতি: একটি অধ্যয়ন :: টোটান সেখ.....	২৭০
৩৮. শিবরামের উপন্যাসের গঠনকৌশল :: উর্বা মুখোপাধ্যায়.....	২৭৬
৩৯. স্বদেশী আন্দোলনে শান্তিপুর :: সুমিত ঘোষ.....	২৮৩
৪০. শিবরাম চক্রবর্তীর গদ্যের pun-প্রসঙ্গ	
:: অনুনয় চট্টোপাধ্যায়.....	২৯১
৪১. তৈত্তিরীয়োপনিষদে সৃষ্টিতত্ত্বসমীক্ষা :: অম্বরীশ দাস.....	২৯৬
৪২. বারাকপুরের সমাজ-চিত্র (১৭৭৫-১৮২৪ খ্রিস্টাব্দ)	
:: অভিজিৎ বাগ.....	৩০১
৪৩. স্থানীয় শাসনব্যবস্থা এবং গ্রামীণ মহিলাদের রাজনৈতিকক্ষমতায়ন	
:: চৈতালী সামন্ত.....	৩০৭
৪৪. হিন্দি কবি মৈথিলীশরণ গুপ্তের কাব্য ও তাঁর কাব্যে	
বাংলা সাহিত্যের প্রভাব :: হেনা বিশ্বাস.....	৩২১
৪৫. রবীন্দ্রনাথ ও পরিবেশ ভাবনা :: কৃতিমান বিশ্বাস.....	৩২৭
৪৬. মহামারি ও তারাশঙ্করের ধাত্রীদেবতা :: মমতা খাঁ.....	৩৩৪
৪৭. সুন্দরবনের লোকনাটক বনবিবির পালা সম্পর্কে কিছু কথা	
:: পদ্মা দত্ত গুপ্ত.....	৩৪৪
৪৮. উৎপল দত্তের মানসপটে গণনাট্যের প্রভাব	
:: প্রিয়াঙ্ক রায়.....	৩৫০
৪৯. সত্যজিৎ রায় পরিচালিত চলচ্চিত্রে লোকসংগীতের ব্যবহার	
:: পুলক গান্ধুলী.....	৩৬৬
৫০. রাজনীতি ও প্রেমের দ্বন্দ্ব : প্রসঙ্গ 'তৃণভূমি'	
:: সাহেব হেমব্রম.....	৩৭৫
৫১. তথাগত-কথা : প্রসঙ্গ মোহিত চট্টোপাধ্যায়ের নাটক 'তথাগত'	
:: ড. বিশ্বজিৎ পোদ্দার.....	৩৮২
৫২. খালিস্তানি আন্দোলন ও শিখ সন্ন্যাসবাদ : একটি সামগ্রিক	
রূপরেখার সন্ধান : ড. দেবাশিস মহাপাত্র.....	৩৯৩
৫৩. নদীকেন্দ্রিক বাংলা চলচ্চিত্রে প্রতিফলিত লোকসংস্কৃতি	
:: ড. ইতি পাল.....	৪০৪

## শিবরামের উপন্যাসের গঠনকৌশল ডবী মুখোপাধ্যায়

সারসংক্ষেপ :

বর্তমান নিবন্ধে আমরা শিবরাম চক্রবর্তীর চারটি উপন্যাসকে আলোচনার জন্য নিবাচন করেছি। সাহিত্য সমালোচনার সময় বিষয়ের পাশাপাশি উপন্যাসের গঠন নিয়ে গবেষণা করা হয়। এই নিবন্ধে আমরা উপন্যাসের নির্মাণ কৌশলের তাত্ত্বিক ভিত্তি উপর নির্ভর করে 'প্রজাপতির পক্ষপাত', 'ভালবাসার অ আ ক খ', 'রক্তের টান' ও 'সমর্পিতা' উপন্যাসগুলো বিশ্লেষণের চেষ্টা করেছি।

সূচক শব্দ :

আখ্যান, প্লট, সময়, চরিত্র, সংস্থান, বাচন।

প্রতিপাদ্য বিষয় :

১

শিবরামের রচনা পড়তে গেলে প্রথমেই যে কথাটা মনে আসে তা হল নির্মল হাস্যরস সৃষ্টির মাধ্যমে দৈনন্দিন জীবনের দুঃখ-দুর্দশা, হতাশা বা গ্লানি থেকে পাঠককে সাময়িকভাবে মুক্তি দেওয়ার ব্রতেই তিনি নিজেকে নিযুক্ত করেছিলেন। তাঁর ছোটগল্প বা উপন্যাস সে সাক্ষ্য বহন করে। আর এই কৌতুক নির্মাণের জন্য ধ্বনি-শব্দ বা বাক্য প্রয়োগের ক্ষেত্রে বিশেষ রচনারীতির আমদানিও করেছিলেন শিবরাম। উপন্যাস হল কথার শিল্প। শিল্পী সেখানে একটা বৃহৎ প্রেক্ষাপটে কথা (ভাষা)-কে বাহন করে আমাদের চারপাশের জগতে ছড়িয়ে থাকা সামাজিক, রাজনৈতিক বা নীতিমূলক পরিবারিক কিংবা কখনও মানুষের মনস্তাত্ত্বিক দুনিয়ার বহু বিচিত্র ও জটিল টানাপোড়নকে বিষয় হিসেবে গ্রহণ করে সৃষ্টি করেন উপন্যাস। আমরা তাঁর চারটি উপন্যাস নিয়ে এখানে আলোচনা করব - 'প্রজাপতির পক্ষপাত', 'ভালবাসার অ আ ক খ', 'রক্তের টান' ও 'সমর্পিতা'।

সাহিত্য সমালোচকেরা ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে উপন্যাসের বিশ্লেষণ করেন। সমাজতত্ত্ব, মনোবিজ্ঞান, ভাষাতত্ত্ব প্রভৃতি নানান দৃষ্টিকোণকে উপন্যাস বিশ্লেষণের মাপকাঠি হিসেবে ব্যবহার করা হয়েছে। বর্তমান প্রবন্ধে আমরা শিবরামের উপন্যাসগুলির গঠন কৌশল বিশ্লেষণের চেষ্টা করব। ভাষাবিজ্ঞানীরা যেমন উপন্যাসের ভাষা নিয়ে আলোচনায় ব্রতী হয়েছিলেন, তেমনি উপন্যাসের গঠন নিয়েও তাত্ত্বিক সমালোচকেরা উৎসাহী হয়েছেন— তাঁরা উপন্যাসের ভাষা-সংক্রান্ত আলোচনার পাশাপাশি প্রধান